

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
নৌপরিবহন মন্ত্রণালয়  
প্রশাসন-১ শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
[www.mos.gov.bd](http://www.mos.gov.bd)

বিষয়ঃ উন্নয়ন মেলা সংক্রান্ত সভার কার্যবিবরণী।

সভাপতি : মোঃ রফিকুল ইসলাম  
অতিরিক্ত সচিব (প্রশাসন)  
নৌ-পরিবহন মন্ত্রণালয়।  
সভার তারিখ : ২৯-১২-২০১৬ খ্রিঃ।  
সময় : বিকাল ৩.০০ ঘটিকা।  
স্থান : নৌ-পরিবহন মন্ত্রণালয়ের সভাকক্ষ।

সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা : পরিশিষ্ট-ক।

আলোচনা :

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুরোধে সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-১) জনাব এস এম শফিক নৌপরিবহন মন্ত্রণালয়ের উন্নয়ন মেলা সংক্রান্ত তথ্যাদি উপস্থাপন করেন। মন্ত্রণালয়ের এবং দপ্তর/সংস্থার উপস্থিত সকল কর্মকর্তা আলোচনায় অংশগ্রহণ করেন। বিস্তারিত আলোচনা শেষে সভায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

সিদ্ধান্ত :

(১) জেলা পর্যায়ে অনুষ্ঠেয় সকল উন্নয়ন মেলায় নৌপরিবহন মন্ত্রণালয় অংশগ্রহণ করবে। ৬৪ জেলায় নৌপরিবহন মন্ত্রণালয়ের উপস্থিতি নিশ্চিত করণের লক্ষ্যে নিম্নবর্ণিত দপ্তর/সংস্থাকে নিম্নবর্ণিত বিভাগওয়ারী দায়িত্ব বন্টন করা হয় :

ক্রমিক নং	সংস্থার নাম	বিভাগের নাম
১।	চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ	চট্টগ্রাম
২।	মোংলা বন্দর কর্তৃপক্ষ	খুলনা
৩।	পায়রা বন্দর কর্তৃপক্ষ	বরিশাল
৪।	বিআইডব্লিউটিএ	ঢাকা বিভাগ ও রাজশাহী বিভাগের পাবনা ও সিরাজগঞ্জ।
৫।	বিআইডব্লিউটিসি	সিলেট
৬।	নৌপরিবহন অধিদপ্তর	ময়মনসিংহ
৭।	বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষ	রংপুর বিভাগ ও রাজশাহী বিভাগের রাজশাহী, চাঁপাইনবাবগঞ্জ, জয়পুরহাট, বগুড়া, নাটোর ও নওগা।

দায়িত্বপ্রাপ্ত সংস্থাসমূহ সংশ্লিষ্ট জেলা প্রশাসনের সাথে আলোচনাপূর্বক স্ব উদ্যোগে মেলায় অংশগ্রহণ নিশ্চিত করবে।

- (২) প্রতিটি জেলার উন্নয়ন মেলায় প্রদর্শনের জন্য একটি কমন ভিডিও চিত্র, সংস্থাওয়ারী পোস্টার, লিফলেট ও স্টিকার প্রস্তুত করার জন্য জনাব মোহাম্মদ ওবায়দুর রহমান, উপপরিচালক, বিআইডব্লিউটিএ ও জনাব মোহাম্মদ নজরুল ইসলাম মিশা, জনসংযোগ কর্মকর্তা বিআইডব্লিউটিসিকে দায়িত্ব প্রদান করা হলো।
- (৩) আগামি ৮-০১-১৭ তারিখের পূর্বেই তারা ভিডিও চিত্রটি পেনড্রাইভের মাধ্যমে এবং অন্যান্য লিফলেট, পোস্টার প্রভৃতি দায়িত্ব প্রাপ্ত সংস্থার প্রতিনিধিদের নিকট পৌঁছানো নিশ্চিত করবেন।
- (৪) নৌপরিবহন মন্ত্রণালয়ের ড্রেজিংকৃত নদীসমূহ এবং সকল স্থাপনা চিহ্নিত করে বাংলাভাষায় প্রণীত বাংলাদেশের একটি মানচিত্র সকল মেলায় প্রদর্শন করতে হবে। বিআইডব্লিউটিএ'র প্রতিনিধি উপ-পরিচালক জনাব মোহাম্মদ ওবায়দুর রহমানকে উল্লিখিত মানচিত্র প্রণয়নপূর্বক সকলের নিকট সরবরাহের দায়িত্ব প্রদান করা হলো।
- (৫) যে সকল সংস্থার স্টিকার ও ক্যাপ আছে তারা সেগুলো মেলায় সরবরাহ ও বিতরণের ব্যবস্থা নিবে।
- (৬) যুগ্ম-সচিব জনাব মোঃ দেলওয়ার হায়দার সার্বিক বিষয় তদারকি ও মনিটরিং এর দায়িত্ব পালন করবেন।

২। আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-

০৪-০১-২০১৭

(মোঃ রফিকুল ইসলাম)  
অতিরিক্ত সচিব (প্রশাসন)

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে) :

- ১। চেয়ারম্যান, জাতীয় নদী রক্ষা কমিশন, ঢাকা।
- ২। চেয়ারম্যান, পায়রা বন্দর কর্তৃপক্ষ, ঢাকা।  
(দৃঃআঃ মুহাম্মদ রেজাউল কবীর, সচিব, পায়রা বন্দর কর্তৃপক্ষ)
- ৩। চেয়ারম্যান, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, বন্দর ভবন, চট্টগ্রাম।  
(দৃষ্টি আকর্ষণ: সুফি মোঃ শোয়েব, সিস্টেম এনালিস্ট)।
- ৪। চেয়ারম্যান, বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্পোরেশন, দিলকুশা বা/এ, ঢাকা।  
(দৃষ্টি আকর্ষণ: জনাব মোহাম্মদ নজরুল ইসলাম মিশা, জনসংযোগ কর্মকর্তা)।
- ৫। চেয়ারম্যান, বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ, মতিঝিল বা/এ, ঢাকা।  
(দৃষ্টি আকর্ষণ: জনাব মোহাম্মদ ওবায়দুর রহমান, উপপরিচালক(পরিকল্পনা)।
- ৬। চেয়ারম্যান, মোংলা বন্দর কর্তৃপক্ষ, মোংলা, বাগেরহাট।  
(দৃষ্টি আকর্ষণ: শেখ মাসুদুল্লাহ, সহ: চীফ প্লানিং)।
- ৭। চেয়ারম্যান, বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষ, ঢাকা।  
(দৃষ্টি আকর্ষণ: জনাব মোঃ আমিনুল ইসলাম, উপ-পরিচালক (প্রশাসন), ঢাকা।
- ৮। প্রধান নির্বাহী কর্মকর্তা, গভীর সমুদ্র বন্দর সেল, ঢাকা।
- ৯। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ শিপিং কর্পোরেশন, সল্টগোলা রোড, চট্টগ্রাম।  
(দৃষ্টি আকর্ষণ: জনাব মোঃ আমিনুল ইসলাম, সহ: মহা-ব্যবস্থাপক)।
- ১০। মহা-পরিচালক, নৌপরিবহন অধিদপ্তর, মতিঝিল বা/এ, ঢাকা।  
(দৃষ্টি আকর্ষণ: জনাব মোঃ আলমগীর খান, পরিচালক)।
- ১১। কমানডেন্ট, মেরিন একাডেমী, জুলদিয়া, চট্টগ্রাম।  
(দৃষ্টি আকর্ষণ: জনাব মোঃ আসাদুজ্জামান, শিক্ষা কর্মকর্তা)।
- ১২। অধ্যক্ষ, ন্যাশনাল মেরিটাইম ইনস্টিটিউট, চট্টগ্রাম।  
(দৃষ্টি আকর্ষণ: সৈয়দ রওশন আনসার, সিইআই)।

অনুলিপিঃ

- ১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়।
- ২। জনাব মোঃ দেলওয়ার হায়দার, যুগ্মসচিব (টিএ), নৌপরিবহন মন্ত্রণালয়।
- ৩। জনাব মোঃ রেজাউল করিম, যুগ্মসচিব (টিসি/বিএসসি/বাজেট), নৌপরিবহন মন্ত্রণালয়।
- ৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়।
- ৫। জনাব এস এম শফিক, সিনিয়র সহকারী সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়।
- ৬। জনাব সৈয়দ মোহাম্মাদ আলিউর রহমান, প্রোগ্রামার, নৌপরিবহন মন্ত্রণালয়।
- ৭। অতিরিক্ত সচিব (প্রশাসন/বাণিজ্যিক/উন্নয়ন) এর ব্যক্তিগত কর্মকর্তা, নৌপরিবহন মন্ত্রণালয়।
- ৮। যুগ্মসচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, নৌপরিবহন মন্ত্রণালয়।
- ৯। উপ-সচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, নৌপরিবহন মন্ত্রণালয়।

স্বাক্ষর ০৪.০১.১৭  
(এস এম শফিক)

সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-১)